# "অভয়াশ্রম" মনোনয়ন বিষয়ে উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির ৩য় সভার কার্য বিবরণীঃ

তারিখঃ ২৭/১১/২০২৫খ্রি:

সভাপতি জনাব মো: জাহাঙ্গীর আলম
উপজেলা নির্বাহী অফিসার, নকলা, শেরপুর ।

সভার স্থান :- উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস কক্ষ , নকলা, শেরপুর ।

সময় :- সকাল ১০.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সদস্য সচিব সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নকলা, শেরপুরকে সভার আলোচ্যসূচী উপস্থাপনের অনুমতি প্রদান করেন। সদস্য সচিব সভায় জানান যে, মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের পত্র নং-৩৩.০২.০০০০.১১৭.০১.০৫৩.২৫.১৪১৯, তারিখ- ১৭/১১/২০২৫ খ্রি.এবং ৩৩.০২.০০০০.১১৭.০১.০৫৩.২৫.১৬৬২, তারিখ- ১৯/১১/২০২৫ খ্রি. অনুযায়ী ০২টি অভয়াশ্রম স্থাপনের জন্য মোট ৭০,০০০ /- (সত্তর হাজার টাকা) বরাদ্দ পাওয়া গিয়েছে। সদস্য সচিব আরও জানায় যে, অত্র উপজেলার মেহেদীডাঙা বিলে উক্ত বরাদ্দ দ্বারা অভয়াশ্রম স্থাপন করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলার অন্যান্য বিল কচুরিপানায় ঢাকা থাকায় উক্ত বিলটির প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

সভায় উক্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা শেষে সভাপতি মহোদয় উপস্থাপিত প্রাক্কলণ অনুযায়ী ব্যয় করে বিলটিতে অভয়াশ্রম স্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

২৭/১১/২০২৫

জনাব মো: জাহাঙ্গীর আলম
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি
নকলা ,শেরপুর ।

পরিশিষ্ট "ক"

**২০২৫-২৬ অর্থ বছরে মৎস্য সম্পদ সম্পর্কিত উপজেলা কমিটির ৩য় সভায় উপস্থিত উপজেলা কমিটির সদস্যবৃন্দের তালিকাঃ**

তারিখঃ ২৭/১১/২৫ খ্রিঃ

সময়ঃ ১০.০০ ঘটিকা

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | মো: জাহাঙ্গীর আলম,উপজেলা নির্বাহী অফিসার, নকলা,শেরপুর | |
| ০২. | চেয়ারম্যান ৬নং পাঠাকাটা ইউপি ,নকলা, শেরপুর । | |
| ০৩. | চেয়ারম্যান ৮নং চরঅষ্টাধর ইউপি ,নকলা, শেরপুর । | |
| ০৪. | চেয়ারম্যান ৯নং চন্দ্রকোনা ইউপি ,নকলা, শেরপুর । | |
| ০৫. | জনাব মোঃ অনিক রহমান, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার , নকলা, শেরপুর। | 27/11/25 |